

# বকেয়া বেতন ভাতাসহ ৫ দফা দাবিতে গাইবান্ধায় মাদ্রাসা শিক্ষকদের মানববন্ধন

গাইবান্ধা প্রতিনিধি

১৮ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত নৈতিক ও মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু, গণশিক্ষা কার্যক্রম (৮ম পর্যায়) দ্রুত অনুমোদন এবং জানুয়ারি ২০২৫ থেকে বকেয়া বেতন ভাতাসহ ৫ দফা দাবিতে গতকাল জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মউশিক শিক্ষক কল্যাণ পরিষদ গাইবান্ধা জেলা শাখা এই মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধনে প্রকল্পের শিক্ষক, কেয়ারটেকার, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। মানববন্ধন শেষে তারা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর দাবিসংবলিত একটি স্মারকলিপি প্রদান করেন।

UNIBOTS

আশরাফুল ইসলাম প্রধানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন সংগঠনের জেলা সাধারণ সম্পাদক মোশারফ হোসেন, সাংগঠনিক সম্পাদক মাওলানা হাফিজুর রহমান, শিক্ষক মুশফিকুর রহমান, সাধারণ কেয়ার টেকার আফসার আলী, ফিল্ড সুপারভাইজার আনোয়ার, আবদুস সালাম, শাহ আলম আকন্দ প্রমুখ।

বক্তারা তাদের বেতন ভাতাসহ ৫ দফা দাবি দ্রুত বাস্তবায়ন করার আহ্বান জানান। তা না হলে আগামীতে তারা বৃহত্তর আন্দোলন গড়ে তুলবেন বলে ঘোষণা দেন। তারা আরও বলেন, পরিকল্পনা মন্ত্রণালয় তাদের সঙ্গে এক প্রকার টালবাহানা করেছে। গত ঈদুল ফিতর বেতন না পাওয়ায় মানবেতর জীবনযাপন করছিলেন। আগামী ঈদুল আজহার আগেই যেন সরকার এই বেতন ভাতা ও ৫ দফা দাবি মেনে নেয়।